

মোবাইল :
অফিস :

অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা)র দপ্তর
রুক-এফ, লেভেল-৫, পানি ভবন, গ্রীন রোড, ঢাকা।
E-mail: adgpl.bwdb@gmail.com

Phone :
Office :

স্মারক নং-পরিকল্পনা/কমিটি/২০২০(৩য় খন্ড)/২০

তারিখঃ ১১-১১-২০২০ খ্রিঃ


সংশোধিত দপ্তরাদেশ

পরিকল্পনা কমিশনের সিদ্ধান্তের আলোকে “ভবদহ ও তৎসংলগ্ন বিল এলাকার জলাবদ্ধতা দূরীকরণ (২য় পর্যায়)” শীর্ষক প্রস্তাবিত প্রকল্পটির পরিকল্পনা কমিশনে দাখিলকৃত ডিপিপি পুনঃগঠনের লক্ষ্যে অঙ্গসমূহ ও রেটের পর্যালোচনার নিরীখে সুপারিশমালাসহ হালনাগাদ কারিগরি প্রতিবেদন তৈরীর জন্য বহিঃসদস্যসহ বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ ইতোপূর্বে গঠিত কারিগরি কমিটি পুনঃগঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য কোন কর্মকর্তাকে সদস্য হিসাবে কো-অপট করতে পারবে।

ক্রমিক নং	কর্মকর্তাদের নাম ও পদবী	কমিটিতে অবস্থান
১।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৫, বাপাউবো, ঢাকা।	আহবায়ক
২।	জনাব মোঃ আবুল বাশার, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।	সদস্য
৩।	জনাব মশিহুর রহমান ঠাকুর, সহকারী প্রধান (অর্থনীতি), পরিকল্পনা-১, বাপাউবো, ঢাকা।	সদস্য
৪।	জনাব মোঃ আমিনুল ইসলাম, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), হাওর বন্যা ব্যবস্থাপনা প্রকল্প, বাপাউবো, ঢাকা।	সদস্য
৫।	আইডব্লিউএম, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি।	সদস্য
৬।	সিইজিআইএস, ঢাকা এর একজন উপযুক্ত প্রতিনিধি।	সদস্য
৭।	নির্বাহী প্রকৌশলী, যশোর পওর বিভাগ, বাপাউবো, যশোর।	সদস্য-সচিব

কমিটির কার্যপরিধিঃ

- সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder তথা স্থানীয় জনপ্রতিনিধিসহ স্থানীয় কৃষি অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর এবং প্রশাসনের সাথে আলোচনাপূর্বক বিষয়ভূক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;
 - প্রস্তাবিত এলাকায় জলাবদ্ধতা সমস্যা দূরীকরণের লক্ষ্যে মাঠ পর্যায়ের পরিবর্তিত পরিস্থিতিতে অতিরিক্ত কাজ গ্রহণ ও ব্যয়ের যৌক্তিকতা নির্ধারণ করতঃ সংশ্লিষ্ট নদী/খালের প্রকৃতি, প্রভাব ও গতি প্রকৃতি (Morphological Change) Site Plan এ প্রদর্শনপূর্বক ডিপিপি পুনঃগঠনের যথার্থতা নিরূপণে সুপারিশমালা প্রণয়ন করবেন;
 - প্রস্তাবিত এলাকায় বিল/নদী/খালের পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি, নিষ্কাশন ব্যবস্থার উন্নয়ন এবং সংশ্লিষ্ট বিল/নদী/ খালসমূহের (channels) নাব্যতা ও প্রবাহ বৃদ্ধিকল্পে টিআরএম এর পরিবর্তে খনন/পুনঃখনন/ড্রেজিং/রক্ষণাবেক্ষণ ড্রেজিং কাজের সংস্থান, বিদ্যমান অবকাঠামো সমূহের মেরামত/ পুনর্বাসনসহ অন্যান্য কাজের বা নৌযান/ড্রেজার চলাচল উপযোগী উচ্চতায় জল অবকাঠামো নির্মাণ/ পুনঃনির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে সুপারিশ পেশ করবেন;
 - খনন/ পুনঃখনন/ ড্রেজিং/ রক্ষণাবেক্ষণ ড্রেজিং কাজের স্পয়েল ব্যবস্থাপনা সম্পর্কে সুনির্দিষ্ট সুপারিশমালাসহ dredged fill এর ব্যবহার, পরিমাণ ও ব্যয় নিরূপণ করবেন;
 - প্রস্তাবিত আরডিপিপি'র অঙ্গসমূহের জন্য ইতোপূর্বে প্রস্তুতকৃত ডিপিপিতে কোন অসামঞ্জস্যতা থাকলে তা নিরূপণ করবেন;
 - বাপাউবো'র চলতি রেট সিডিউল অনুসারে হালনাগাদ বিস্তারিত তথ্য-উপাত্তের আলোকে প্রস্তুতকৃত অনুমোদিত নকশার ভিত্তিতে প্রস্তাবিত অঙ্গসমূহের পরিমানের হ্রাস-বৃদ্ধিসহ সংযোজিত বিভিন্ন দফাসমূহের যথার্থতা নিরূপণ করে প্রাক্কলন প্রস্তুত/যাচাই করবেন এবং উক্ত নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;
 - প্রকল্প বাস্তবায়নে পরিবর্তিত পরিস্থিতিতে পরিবেশগত বিরূপ প্রভাব পড়বে কিনা তা নিরূপণ করবেন;
 - বর্ণিত স্থানসমূহ রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;
- কমিটি অধাধিকার ভিত্তিতে সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে ৩(তিন) প্রহ্নে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন।
 - মূল প্রতিবেদনের **Soft Copy(Text)** অতিরিক্ত মহাপরিচালক(পরিকল্পনা) মহোদয়ের **adgpl.bwdb@gmail.com** ঠিকানায় **E-mail** যোগে প্রেরণ করবেন।
 - মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।


 (মোঃ সামিউল ইসলাম খান)
 উপ-সচিব (পরিকল্পনা)
 বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
 ঢাকা।

বিতরণ (জ্ঞাতার্থে ও কাযার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। প্রধান মনিটরিং, বাপাউবো, ঢাকা (দৃঃআঃ সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল)। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-৫, বাপাউবো, ঢাকা।
- ৩। জনাব মোঃ আবুল বাশার, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনা'র দপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৪। জনাব মশিহুর রহমান ঠাকুর, সহকারী প্রধান (অর্থনীতি), পরিকল্পনা-১, বাপাউবো, ঢাকা।
- ৫। জনাব মোঃ আমিনুল ইসলাম, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), হাওর বন্যা ব্যবস্থাপনা প্রকল্প, বাপাউবো, ঢাকা।
- ৬। নির্বাহী প্রকৌশলী, যশোর পওর বিভাগ, বাপাউবো, যশোর।
- ৭। নির্বাহী পরিচালক, সিইজিআইএস, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।
- ৮। নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, ঢাকা। একজন উপযুক্ত প্রতিনিধি মনোনয়নের অনুরোধসহ।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
- ২-৩। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পশ্চিমাঞ্চল/ নকশা, বাপাউবো, খুলনা/ ঢাকা।
- ৪-৬। প্রকল্প পরিচালক/পরিচালক, হাওর বন্যা ব্যবস্থাপনা প্রকল্প/ প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর/পরিকল্পনা-১, বাপাউবো, ঢাকা।
- ৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, যশোর পওর সার্কেল, যশোর।
- ৮। সি এস ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ১০-১১। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ওয়েস্টার্ন রিজিয়ন), বাপাউবো, ঢাকা।